গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
সমন্বয় ও সংসদ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	শাহাবুদ্দিন আহমদ সচিব
সভার তারিখ	১৯.০৬.২০১৮ খ্রি.
সভার সময়	দুপুর ১২-০০ মিনিট
স্থান	সচিব মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা পরিশিষ্ট-'খ'তে দেখানো হলো।

নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। অতঃপর সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিবকে আহবান জানান। সদস্য সচিব তথা যুগ্ম-সচিব (সমন্বয় ও সংসদ) সভাকে অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত মন্ত্রণালয়/ বিভাগ/ অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ অনুসরণে খসড়া কাঠামো প্রস্তুত করা হয়েছে। এরপর তিনি তা সভায় উপস্থাপন করেন। কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৮-২০১৯ এর কার্যক্রম, সূচক, একক, দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট, ২০১৮-২০১৯ অর্থ বছরের লক্ষ্যমাত্রা এবং অর্থ বছরের ৪টি কোয়ার্টারে বাস্তবায়নযোগ্য লক্ষ্যমাত্রা ইত্যাদি নির্ধারণে নৈতিকতা কমিটির সকল সদস্য সক্রিয়ভাবে আলোচনায় অংশ গ্রহণ করেন। সচিব মহোদয় ই-গর্ভনেন্স বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রমের দাপ্তরিক কাজে ইনিকোড ব্যবহারের বিষয়ে জানতে চান যে, মন্ত্রণালয়ের সকল শাখা এবং দপ্তর/ সংস্থায় ইনিকোড চালু আছে কিনা এবং তা সফলভাবে প্রতিটি কোয়ার্টারে নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী যাতে সম্পন্ন হয় তিনি সে বিষয়ে সচেষ্ট থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। এছাড়া স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালীকরণ কার্যক্রমের আওতায় সিটিজেন চার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণে সচেষ্ট থাকারও নির্দেশনা প্রদান করেন। অতঃপর তিনি প্রতিটি কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য বলেন। বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা শেষে এ মন্ত্রণালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি কাঠামো, ২০১৮-২০১৯ চূড়ান্ত করা হয় (পরিশিষ্ট-'ক')।

২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

শাহাবুদ্দিন আহমদ
সচিব

স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০২৪.২৭.০০১.১৭.৪০ তারিখ: ৫ আষাঢ় ১৪২৫

১৯ জুন ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব , সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার-এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ

২) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

৩) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

৪) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

৫) যুগ্ম সচিব, বাজেট ও অডিট অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়

৬) জনাব মোহাম্মামদ মাহফূজুল হক, চেয়্যারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

৭) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর

৮) মহাপরিচালক (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয়

৯) যুগ্ম সচিব, প্রশাসন-১ অধিশাখা, খাদ্য মন্ত্রণালয়

১০) সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

১১) প্রোগ্রামার, আইসিটি সেল, খাদ্য মন্ত্রণালয়। ১৯.০৬.২০১৮ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী ও ২০১৮-২০১৯ এর চূড়ান্ত লক্ষ্যমাত্রা আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

শিরীনা দেলহুর

যুগ্ম সচিব